## মুখবন্ধ

আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষতার এই যুগে ওয়ালটন এয়ারকন্ডিশনার বেছে নেয়ার জন্য আন্তরিক অভিনন্দন। আপনার দৈনন্দিন জীবনে এটি আপনার প্রয়োজনীয় শীতলতা এবং প্রশান্তি নিশ্চিত করবে। আমরা আন্তরিকতার সাথে জানাচ্ছি যে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি, যন্ত্রপাতি ও কাঁচামাল ওয়ালটন এয়ারকন্ডিশনার তৈরিতে ব্যবহার করা হয়। ওয়ালটন সবসময় নিশ্চিত করে পরিবেশবান্ধব, কম শব্দ, বিদ্যুৎ সাশ্রয়ী এবং উচ্চক্ষমতাসম্পন্ন নিরাপদ এয়ারকন্ডিশনার। এই ব্যবহারবিধির মাধ্যমে আপনি জানতে পারবেন এয়ারকন্ডিশনার ব্যবহারের প্রয়োজনীয় নিয়মাবলি ও নির্দেশনা এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় সঠিক দিক নির্দেশনা। তাই এয়ারকন্ডিশনার ব্যবহারের পূর্বে বইটি যত্নসহকারে পড়ার জন্য অনুরোধ জানাচ্ছি। সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণের দ্বারা আপনি পাবেন এয়ারকন্ডিশনারের সবচেয়ে ভালো কার্যকারিতা এবং যন্ত্রাংশের দীর্ঘস্থায়িত্ব। এই ব্যবহারবিধিটিতে প্রযুক্তিগত তথ্য এবং নিরাপত্তা নির্দেশনা আছে। তাই এটিকে এয়ারকন্ডিশনারের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করুন এবং ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করুন। কর্তৃপক্ষ এই ব্যবহারবিধিটির সর্বস্বত্ব সম্পূর্ণরূপে সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এই ব্যবহারবিধিটি কোনোরূপ পুনর্মুদ্রণ বা প্রতিলিপি করা সম্পূর্ণরূপে আইনত দণ্ডনীয় অপরাধ। পূর্বের কোনো বিজ্ঞপ্তি ছাড়াই কর্তৃপক্ষ বইটির তথ্য পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**ত্রয়োদশ সংস্করণ**
প্রকাশনার তারিখ: ১৬-০৭-২০২৩

WALTON



## সূচিপত্র

০১. সঠিক ক্যাপাসিটি সমৃদ্ধ এসি নির্বাচনের ধাপসমূহ .......... ১
০২. গ্রাহককে যা জানানো প্রয়োজন .......... ২
০৩. নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা .......... ৩-৫
০৪. ভালো কার্যকারিতা ও বিদ্যুৎ সাশ্রয়ের জন্য করণীয় .......... ৬
০৫. যন্ত্রাংশ চিহ্নিতকরণ .......... ৭-৮
০৬. ইনডোর এবং আউটডোর ইউনিটের সংযোজন .......... ৯
০৭. ইনডোর ইউনিট স্থাপন .......... ১০-১২
০৮. ড্রেন হোস পাইপ স্থাপন .......... ১৩
০৯. সার্ভিস পাইপের সাথে ইনডোর ইউনিট সংযোগ .......... ১৪
১০. আউটডোর ইউনিট স্থাপন .......... ১৫
১১. ইনডোর ইউনিট ভ্যাকুয়াম করার কার্যপদ্ধতি .......... ১৬
১২. রিমোটের কার্যপদ্ধতি .......... ১৭-২৪
১৩. কিডস মোড ফাংশন .......... ২৫
১৪. অটো ড্রাই ফাংশন .......... ২৬
১৫. স্বয়ংক্রিয়ভাবে এসি চালু ও বন্ধ রাখার ফাংশন .......... ২৭
১৬. ফ্রস্ট ক্লিনিং ফাংশন .......... ২৮
১৭. ভয়েস কন্ট্রোল এসির কার্যপদ্ধতি (অফলাইন) .......... ২৯-৩১
১৮. ডিজিটাল ডিসপ্লে এসি .......... ৩২
১৯. UV কেয়ার ফাংশন .......... ৩৩
২০. এয়ার প্লাজমা ফাংশন .......... ৩৪
২১. আয়োনাইজার ফাংশন .......... ৩৫
২২. কনভার্টিবল ক্যাপাসিটি ফাংশন .......... ৩৬
২৩. R-290 রেফ্রিজারেন্টের ব্যবহার ও লিক অ্যালার্ম .......... ৩৭-৩৮
২৪. হিটিং মোডের জন্য বিশেষ কার্যপদ্ধতি .......... ৩৯
২৫. সমস্যা নির্দেশনা .......... ৪০
২৬. পরিষ্কারকরণ এবং সাবধানতা .......... ৪১-৪৩
২৭. মেরামতের পূর্বে করণীয় .......... ৪৪-৪৫
২৮. নিষ্পত্তি .......... ৪৬



## সঠিক ক্যাপাসিটি সমৃদ্ধ এসি নির্বাচনের ধাপসমূহ

গ্রাহকের রুমের আয়তন অনুযায়ী সঠিক BTU/hr সম্পন্ন এসি নিম্নোক্ত ছক অনুযায়ী নির্বাচন করতে হবে।

| Capacity / বিষয় | 3517 WATT (12000 BTU/hr) | 5275 WATT (18000 BTU/hr) | 7034 WATT (24000 BTU/hr) | 8792 WATT (30000 BTU/hr) |
|---|---|---|---|---|
| রুমের আয়তন (ঘনফুট) | সর্বোচ্চ ১২০০ | সর্বোচ্চ ১৮০০ | সর্বোচ্চ ২৪০০ | সর্বোচ্চ ৩০০০ |
| রুমের আয়তন (ঘনমিটার) | সর্বোচ্চ ৩৪ | সর্বোচ্চ ৫১ | সর্বোচ্চ ৬৮ | সর্বোচ্চ ৮৫ |
| রুমের সাইজ (বর্গফুট) উচ্চতা ১০ ফুট হলে | সর্বোচ্চ ১২০ | সর্বোচ্চ ১৮০ | সর্বোচ্চ ২৪০ | সর্বোচ্চ ৩০০ |

উক্ত ছকে প্রদত্ত রুমের আয়তনের/সাইজের তুলনায় বেশি ক্ষমতাসম্পন্ন এসি নিম্নোক্ত ক্ষেত্র সমূহে ব্যবহার করা উত্তম:

- গ্রাহকের রুমের অবস্থান (টপ ফ্লোর/রুমের একাধিক দেওয়াল সূর্যের দিকে/দেওয়াল কাঁচের হলে)
- রুমের দরজা-জানালা ও মানুষের সংখ্যা স্বাভাবিকের চেয়ে বেশি হলে
- রুমে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক্যাল Appliance-এর ওয়াট (লাইট, ফ্যান, টিভি, ফ্রিজ) স্বাভাবিকের চেয়ে বেশি হলে

**রুমের আয়তন নির্ণয়:**
একটি রুমের দৈর্ঘ্য (লম্বালম্বি), প্রস্থ (পাশাপাশি) ও উচ্চতা (উপর থেকে নিচ পর্যন্ত) ফুট অথবা মিটার এককে মেপে গুণন করে রুমের আয়তন নির্ধারণ করা যায়।

**উদাহরণ:**
একটি রুমের দৈর্ঘ্য ১২ ফুট, প্রস্থ ১২ ফুট ও উচ্চতা ১০ ফুট হলে রুমের আয়তন হবে (১২ X ১২ X ১০ = ১৪৪০) ১৪৪০ ঘনফুট অর্থাৎ এক্ষেত্রে 18000 BTU/hr (5275 WATT) মডেলের এসি আপনাকে নির্বাচন করতে হবে অথবা একটি রুমের দৈর্ঘ্য ৪ মিটার, প্রস্থ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার হলে রুমের আয়তন হবে (৪ X ৪ X ৩ = ৪৮) ৪৮ ঘনমিটার অর্থাৎ এক্ষেত্রে 18000 BTU/hr (5275 WATT) মডেলের এসি আপনাকে নির্বাচন করতে হবে।





## গ্রাহককে যা জানানো প্রয়োজন

- গ্রাহককে ওয়ারেন্টি এবং সার্ভিসিংয়ের নিয়মাবলি সম্পর্কে সঠিকভাবে অবহিত করুন।
- গ্রাহকের বিদ্যুৎ সংযোগে ভোল্টেজ সাপ্লাই কত আছে তা জেনে নিন। এসির ক্ষেত্রে রেটেড ভোল্টেজ হচ্ছে ২৩০ ভোল্ট।
- মেইন পাওয়ার সাপ্লাইয়ের কানেকশন দুর্বল অথবা জোড়া দেওয়া কি না সেই ব্যাপারে নিশ্চিত হয়ে নিন, দুর্বল কানেকশন থেকে ইলেকট্রিক শক অথবা বড় দুর্ঘটনাও হতে পারে।
- এসির বিদ্যুৎ সংযোগের জন্য ভালো মানের সকেট ব্যবহার করতে গ্রাহককে উদ্বুদ্ধ করুন।
- ওয়ালটন এসির মডেল অনুযায়ী সার্কিট ব্রেকার রেটিং ও Cable রেটিং নিম্নোক্ত ছক অনুযায়ী ব্যবহার করার জন্য গ্রাহককে পরামর্শ প্রদান করুন।

| Capacity / বিষয় | 3517 WATT (12000 BTU/hr) | 5275 WATT (18000 BTU/hr) | 7034 WATT (24000 BTU/hr) | 8792 WATT (30000 BTU/hr) |
|---|---|---|---|---|
| সার্কিট ব্রেকার রেটিং (Amp) | ২০ | ২০ | ২৫ | ৩২ |
| Cable সাইজ (Rm) | ১.০ | ১.৫ | ২.৫ | ৩ |

## নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

এয়ারকন্ডিশনার ব্যবহারের পূর্বে 'নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা' পড়ুন এবং সঠিকভাবে ব্যবহার করুন। প্রদত্ত নির্দেশনাগুলো নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ, তাই নির্দেশনাগুলো মেনে চলুন।


১. ভেজা হাত অথবা অন্য কোনো ভেজা মাধ্যম দিয়ে সুইচ অথবা ইলেকট্রিক কানেকশন ধরবেন না, এতে ইলেকট্রিক শক লাগতে পারে।



২. কোনো অস্বাভাবিক ঘটনা যেমন: পোড়াগন্ধ, ধোঁয়া, বিকট শব্দ শুনলে এয়ারকন্ডিশনার তৎক্ষণাৎ বন্ধ করুন, পাওয়ার প্লাগ খুলে ফেলুন অথবা সার্কিট ব্রেকার অফ করুন।



৩. এয়ার আউটলেটের ভেতর দিয়ে কখনোই হাত বা অন্য কিছু প্রবেশ করাবেন না। ইনডোর এবং আউটডোর উভয় ইউনিটে উচ্চ গতিসম্পন্ন ফ্যান রয়েছে। ঘূর্ণনরত ফ্যানে হাত লাগলে আপনি আহত হতে পারেন।






৪. এসি পরিষ্কার করার সময় পাওয়ার সুইচ বন্ধ করুন অথবা সার্কিট ব্রেকার অফ করুন।








## নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

৫. বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য কখনোই পাওয়ার কর্ড ধরে টানবেন না। সবসময় পাওয়ার প্লাগ ধরে সংযোগ বিচ্ছিন্ন করুন। অন্যথায় পাওয়ার কর্ডটি ক্ষতির সম্মুখীন হতে পারে।



৬. দীর্ঘ সময় ধরে পোষা প্রাণী অথবা গাছ সরাসরি এয়ারকন্ডিশনারের বাতাসের সামনে রাখবেন না। এতে পোষা প্রাণী বা গাছের ক্ষতি হতে পারে।



৭. এসি যখন দীর্ঘ সময় ব্যবহৃত হবে না তখন পাওয়ার প্লাগটি খুলে ফেলুন অথবা সার্কিট ব্রেকার অফ করুন। এতে অনাকাঙ্ক্ষিত বৈদ্যুতিক দুর্ঘটনা থেকে এসি সুরক্ষিত থাকবে।



৮. এসিতে কোনো কীটনাশক বা দাহ্য পদার্থ স্প্রে করবেন না। এতে আগুন লাগতে পারে বা প্যানেলের বিকৃতি ঘটতে পারে।








## নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

৯. আউটডোর ইউনিটের উপর উঠবেন না বা এর উপর কিছু রাখবেন না। এতে আউটডোর ইউনিটের যন্ত্রাংশের ক্ষতি হতে পারে।



১০. ড্রেন হোস পাইপ কোনো কিছু দ্বারা ব্লক হয়ে আছে কি না তা চেক করুন। ড্রেন হোস পাইপ যদি অসম্পূর্ণ অথবা ব্লক হয় তবে এসি থেকে পানি পড়ে ঘরের পরিবেশ ও আসবাবপত্র নষ্ট হতে পারে।



১১. দাহ্য গ্যাস লিক হতে পারে এমন জায়গায় এয়ারকন্ডিশনার স্থাপন করবেন না। যদি গ্যাস লিক হয়ে এসির চারপাশে জমা হয় তবে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।



- ❑ স্বাভাবিক কুলিং বা হিটিং (শুধুমাত্র হিটিং এসির জন্য প্রযোজ্য) না পেলে এসিটি বন্ধ রাখুন এবং সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। অস্বাভাবিক অবস্থায় এসি চালানো উচিত নয়, এতে দুর্ঘটনা ঘটতে পারে।
- ❑ কোনো যান্ত্রিক ত্রুটি দেখা দিলে প্রস্তুতকারকের সাহায্য নিন অথবা Service Agent অথবা অন্য কোনো দক্ষ লোকের সাহায্য নিন।





## ভালো কার্যকারিতা ও বিদ্যুৎ সাশ্রয়ের জন্য করণীয়

রুমকে অতিরিক্ত ঠান্ডা করবেন না। এটা আপনার স্বাস্থ্যের জন্য ক্ষতির কারণ হতে পারে। ASHRAE-এর নিয়ম অনুযায়ী রুমের তাপমাত্রা সর্বদা 25°C সেট করুন যা আপনার স্বাস্থ্যের জন্য ভালো।

### ১. এয়ার কন্ডিশনারটি স্লিপ মুডে চালান:

বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাতের বেলা ঘুমানোর সময় রুম ঠান্ডা করতে এয়ার কন্ডিশনারটি স্লিপ মুডে চালান।

### ২. পর্দা ব্যবহার করুন:

এয়ারকন্ডিশনারটি ব্যবহারের সময় সূর্য বা অন্যান্য উৎস থেকে যেন সরাসরি তাপ প্রবেশ না করে এমন ব্যবস্থা গ্রহণ করুন। যেমন: জানালায় মোটা পর্দা ব্যবহার করুন।

### ৩. আউটডোর স্থাপনের জায়গা:

আউটডোর ইউনিটটি গাছ বেষ্টিত অথবা সূর্যের আলো পড়ে না এমন জায়গায় স্থাপন করলে এটি বিদ্যুৎ সাশ্রয়ী হবে।

### ৪. ফার্নিচার বা অন্যান্য জিনিসপত্র বায়ু প্রবাহের পথে না রাখা:

রুমের ফার্নিচার বা অন্যান্য জিনিসপত্র সরাসরি বায়ু প্রবাহের পথে না রেখে সরিয়ে রাখলে বিদ্যুৎ সাশ্রয় হবে।

### ৫. অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাল্ব বন্ধ রাখা:


প্রতিটি বৈদ্যুতিক বাল্ব রুমের ভেতর তাপ সঞ্চালন করে। আকাঙ্ক্ষিত কক্ষ তাপমাত্রা প্রাপ্তিতে এই তাপ অতিক্রম করতে এয়ারকন্ডিশনারটিকে বিদ্যুৎ ব্যয় করতে হয়। সুতরাং অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাল্ব বন্ধ রাখুন।

### ৬. ফ্যান স্পিড নিয়ন্ত্রণ:

বিদ্যুৎ সাশ্রয়ের জন্য এসি চালু করার পর ফ্যান স্পিড (Auto) অটোতে সেট করুন। এতে কক্ষের তাপমাত্রার উপর নির্ভর করে সকল মোডে ফ্যান স্পিড স্বয়ংক্রিয়ভাবে বাড়বে ও কমবে ফলে কক্ষে আরামদায়ক বাতাসের পাশাপাশি এসির বিদ্যুৎও সাশ্রয় হবে।

# যন্ত্রাংশ চিহ্নিতকরণ

## ইনডোর ইউনিট




চিত্র-১


| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | টপ প্যানেল | ৪ | ফ্রেম | ৭ | ইভাপোরেটর |
| ২ | সাইড প্যানেল | ৫ | ভার্টিকেল ভেন | ৮ | ডিসপ্লে |
| ৩ | লুভার | ৬ | ফিল্টারনেট | ৯ | ইমার্জেন্সি সুইচ |





# যন্ত্রাংশ চিহ্নিতকরণ

## আউটডোর ইউনিট





চিত্র-২

| | | | |
|---|---|---|---|
| ১ | টপ প্যানেল | ৫ | সার্ভিস হ্যান্ডেল |
| ২ | ফ্রন্ট প্যানেল | ৬ | ভাল্ব সাইড প্যানেল |
| ৩ | ফ্রন্ট নেট | ৭ | ফ্যান |
| ৪ | ভাল্ব স্ট্যান্ড কভার | ৮ | বেইজ ফুট |





# ইনডোর এবং আউটডোর ইউনিটের সংযোজন




চিত্র-৩





# ইনডোর ইউনিট স্থাপন

## স্থাপনের স্থান নির্বাচন


১. ইনডোর ইউনিটের চারপাশে কমপক্ষে চিত্র-৪ অনুসারে জায়গা থাকতে হবে।

২. দেয়ালটি ইনডোর ইউনিট ধরে রাখার মত যথেষ্ট মজবুত থাকতে হবে।

৩. বাতাসের ইনলেট এবং আউটলেট এর ফ্রন্টে কোনো বাধা সৃষ্টি করা যাবে না।

৪. ইউনিটের ফ্রন্ট প্যানেল সহজেই খোলার ব্যবস্থা থাকতে হবে।

৫. রুমের উচ্চতা যদি ২১০০ মি. মি. এর চেয়ে অনেক বেশি হয় সেক্ষেত্রে ইনডোর ইউনিটটি ফ্লোর থেকে ২১০০ মি. মি. উচ্চতায় বসানো ভালো (ছাদ থেকে ইউনিটের দূরত্ব ২০০ মি. মি. এ চেয়ে বেশি রাখতে হবে)।





চিত্র-৪

## হ্যাঙ্গিং প্লেট স্থাপন


১. এয়ারকন্ডিশনার স্থাপনের স্থান নির্বাচন করার পর হ্যাঙ্গিং প্লেটটি নির্ধারিত স্থানে বসিয়ে ওয়াটার লেভেলিং দ্বারা লেভেলিং করে স্ক্রু পজিশনগুলো মার্ক করে নিতে হবে।

২. এরপর ড্রেন হোস পাইপ, ইভাপোরেটর ইনলেট ও আউটলেট পাইপ বের করার জন্য হ্যাঙ্গিং প্লেটের ডানে বা বামে (স্থাপনের স্থান ও অন্যান্য বিষয়ের উপর নির্ভরশীল) রেফারেন্স লাইন বরাবর চিত্র-৫.১, ৫.২, ৫.৩ এ প্রদত্ত ডাইমেনশন অনুযায়ী (বিভিন্ন মডেলের) (হ্যাঙ্গিং প্লেটের নিম্ন প্রান্ত থেকে ৪০ মি.মি. উপরে) ৭০ মি.মি. ব্যাসের ছিদ্র করার জন্য ছিদ্রের সেন্টার নির্বাচন করতে হবে।


## ইনডোর ইউনিট স্থাপন




চিত্র-৫.১
২ টনের সকল মডেল ও ১ টনের এক্সট্রিম সেভার মডেলের জন্য প্রযোজ্য




চিত্র-৫.২
১.৫ টনের সকল মডেলের জন্য প্রযোজ্য




চিত্র-৫.৩
এক্সট্রিম সেভার মডেল ব্যতীত ও ১ টনের সকল মডেলের জন্য প্রযোজ্য





## ইনডোর ইউনিট স্থাপন

### হ্যাঙ্গিং প্লেট স্থাপন

৩. এবার ড্রিল মেশিনের মাধ্যমে স্ক্রু-গুলোর পজিশন রয়েল প্লাগের ব্যাস অনুযায়ী ড্রিল করতে হবে এবং হ্যাঙ্গিং প্লেটের সেন্টার পয়েন্টে যে ছিদ্র সেখানে স্ক্রুটি প্রথমে লাগিয়ে হ্যাঙ্গারটির পজিশন ফিক্সড করে নিতে হবে (স্ক্রুটি সম্পূর্ণ টাইট দেয়া যাবে না)। এরপর ডানে ও বামে ২টি স্ক্রু লাগাতে হবে (স্ক্রু ২টি সম্পূর্ণ টাইট দেয়া যাবে না)। অতঃপর ওয়াটার লেভেলার দ্বারা চেক করে নিতে হবে যে প্লেটটি লেভেলে আছে কি না। লেভেল ঠিক থাকলে বাকি স্ক্রু-গুলো লাগিয়ে সব স্ক্রু-গুলো ভালোভাবে টাইট দিতে হবে।

৪. হ্যাঙ্গিং প্লেট স্থাপনের পর ইনলেট-আউটলেট এবং ড্রেন হোস পাইপ বের করার জন্য নির্বাচিত সেন্টারের (চিত্র-৫.১, ৫.২, ৫.৩ অনুযায়ী) ৭০ মি. মি. বৃত্ত আঁকতে হবে। এরপর কোর ড্রিল মেশিনের মাধ্যমে ভিতর থেকে বাহিরের দিকে ১০ ডিগ্রি নিম্নগামী অ্যাঙ্গেলে ৭০ মি. মি. ছিদ্র করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

- ৫ টি স্ক্রু দ্বারা প্লেটটি ভালোভাবে দেয়ালে লাগাতে হবে। প্রয়োজন হলে অতিরিক্ত স্ক্রু লাগানো যেতে পারে।
- প্লেট লাগানো শেষ হলে পুনরায় ওয়াটার লেভেলের দ্বারা চেক করে নিতে হবে।
- ৭০ মি.মি. ছিদ্রটি ভেতর থেকে বাহির দিকে ১০ ডিগ্রি এঙ্গেল করতে হবে।






## ড্রেন হোস পাইপ স্থাপন


১. পাইপটি ৭০ মি.মি. ছিদ্রে ঢুকান (চিত্র-৬)।
২. যদি অতিরিক্ত হোস পাইপ প্রয়োজন হয় যা ঘরের মধ্য দিয়ে যায় তাহলে উক্ত পাইপে ভালোভাবে ইন্সুলেশন টেপ দ্বারা পেঁচিয়ে দিতে হবে নতুবা অতিরিক্ত পাইপ ঘামতে পারে।
৩. ভালোভাবে ড্রেনেজের জন্য ড্রেন পাইপটি নিম্নমুখী থাকতে হবে। অন্যথায় পানির সাধারণ প্রবাহ ব্যাহত হয়ে ড্রেনপ্যান ওভারফ্লো হতে পারে।
৪. খেয়াল রাখতে হবে ড্রেন হোস লাগানোর সময় এটি কোনোভাবে যেন ব্লকড বা বেন্ড না হয়ে যায়।
৫. ভেতরের ইউনিটের ইনলেট ও আউটলেট পাইপ চিত্রে উল্লিখিত উপায়ে বেন্ড করা সম্ভব (চিত্র-৭)।
৬. পাইপ বের করার সময় ডান বা বাম পাশের প্লাস্টিক পার্ট প্রয়োজনে কাটা লাগতে পারে, সেক্ষেত্রে খেয়াল রাখতে হবে (চিত্র-৮)।

- সেকশন ১: শুধুমাত্র ওয়্যার প্রবেশের জন্য।
- সেকশন ২: ওয়্যার এবং ইনলেট-আউটলেট/ড্রেন পাইপ প্রবেশের জন্য।
- সেকশন ৩: ওয়্যার, ইনলেট-আউটলেট এবং ড্রেন পাইপ প্রবেশের জন্য।


৭. এবার ইভাপোরেটর ইনলেট-আউটলেট পাইপ এবং ইলেকট্রিক্যাল ওয়্যার নির্ধারিত পথে বের করে এসির সাথে প্রদত্ত বাইন্ডিং বেল্ট দ্বারা ভালোভাবে মুড়িয়ে ৭০ মি.মি. ছিদ্র দিয়ে বের করতে হবে।
৮. এরপর ইউনিটটি হ্যাঙ্গিং প্লেটের উপরের দিকের ২টি হুকে সেট করে ডানে বামে নাড়িয়ে দেখতে হবে উক্ত হুকদ্বয় ভালোভাবে আটকানো আছে কি না।
৯. এরপর ইনডোর ইউনিটটি দেয়ালের দিকে চাপ দিয়ে নিচের হুক ২টির সাথে ফিক্সড করতে হবে। নিশ্চয়তার জন্য ভেতরের হুক ২টি নিচের দিকে টেনে দেখতে হবে তা ভালোভাবে আটকে আছে কি না।
১০. সবশেষে ইনডোর ইউনিটটির লেভেল চেক করে ইনস্টলেশন সম্পূর্ণ করতে হবে।




চিত্র-৬



চিত্র-৭




চিত্র-৮






## সার্ভিস পাইপের সাথে ইনডোর ইউনিট সংযোগ

১. আউটডোর ইউনিটের প্যাকেজ থেকে সার্ভিস পাইপ দুটি বের করুন এবং সোজা করুন।

২. সার্ভিস পাইপের ফ্ল্যার নাট ইনডোর ইউনিটের ফ্ল্যার প্লাগ-এর সাথে সংযোগ করুন।
ফ্ল্যার নাট ও প্লাগ-এর সংযোগ করার জন্য টেবিলে উল্লিখিত Torque অনুযায়ী Torque Wrench ব্যবহার করতে হবে।

| পাইপের সাইজ (mm) | টর্ক (N.M) |
|---|---|
| ∅ 6 | 18 |
| ∅ 9.52 | 25 |
| ∅ 12 | 35 |
| ∅ 15.88 | 55 |



চিত্র-৯


### লক্ষণীয়

অত্যধিক চাপ প্রয়োগের ফলে নাট ভেঙ্গে যেতে পারে অথবা রেফ্রিজারেন্ট পাইপিং এর ক্ষতি হতে পারে।
উপরের টেবিলে প্রদত্ত টর্কের চেয়ে বেশি পরিমাণ টর্ক ব্যবহার করা যাবেনা।

# আউটডোর ইউনিট স্থাপন

## স্থাপনের স্থান নির্বাচন

১. আউটডোর ইউনিটের চারপাশে যথেষ্ট জায়গা থাকতে হবে (চিত্র-১০)।
২. স্থান এমন হতে হবে যেন ইউনিটের ওজন নিতে পারে।
৩. কম্পন ও শব্দের মাত্রা বৃদ্ধি না করে।
৪. ফ্যানের স্বাভাবিক ঘূর্ণায়নে যেন বাতাস কোনো বাঁধার সৃষ্টি না করে।
৫. দাহ্য গ্যাস না থাকে।
৬. যেন ড্রেন হওয়া পানি কোনো সমস্যা সৃষ্টি না করে।




চিত্র-১০


## ইউনিট স্থাপন

স্থাপনের স্থান নির্ধারণ করার পর রয়্যাল বোল্ট/এ্যাংকর বোল্ট ইনসার্ট করার জন্য পজিশন ফিক্সড করতে হবে এবং মার্ক করতে হবে। নির্ধারিত মার্কিং পজিশনে ড্রিলিং করে রয়্যাল বোল্ট বসাতে হবে এবং ভালোভাবে টাইট করতে হবে যেন ইউনিটে কম্পনের বা শব্দ সৃষ্টি হওয়ার সুযোগ না থাকে।

## সার্ভিস পাইপ কানেকশন

১. সার্ভিস পাইপের বাহিরের অংশ আউটডোর ইউনিটের সার্ভিস ভাল্বের সাথে লাগানোর জন্য ভাল্বের ফ্ল্যার অংশের সাথে লাগাতে হবে।
২. Torque wrench ব্যবহার করে নিম্নে উল্লিখিত টর্ক অনুযায়ী নাট টাইট দিন।

| পাইপের সাইজ (mm ) | টর্ক (N.M) |
|---|---|
| ∅ 6 | 18 |
| ∅ 9.52 | 25 |
| ∅ 12 | 35 |
| ∅ 15.88 | 55 |




চিত্র-১১







# ইনডোর ইউনিট ভ্যাকুয়াম করার কার্যপদ্ধতি

ইনডোর আউটডোর সার্ভিস পাইপ সংযোগ শেষ হলে, আউটডোর থেকে গ্যাস ছাড়ার পূর্বে নিম্নোক্ত নির্দেশনা অনুসারে ভ্যাকুয়াম করতে হবে।

১। ম্যানিফোল্ড গেজ থেকে একটি হোস পাইপ সাকশন সার্ভিস ভাল্বে এবং অন্য হোস পাইপটি ভ্যাকুয়াম পাম্পের সাথে সংযোগ করুন।
২। ম্যানিফোল্ড গেজ এর উচ্চচাপের সাইড বন্ধ রেখে নিম্নচাপের সাইড খুলে দিন।
৩। ভ্যাকুয়াম পাম্পটি চালু করুন এবং ২৫ মিনিট ধরে ভ্যাকুয়াম করুন।
৪। ম্যানিফোল্ড গেজ এর নিম্নচাপের সাইড বন্ধ করুন। ভ্যাকুয়াম পাম্পটি বন্ধ করুন।
৫। পাঁচ মিনিট অপেক্ষা করুন এবং লক্ষ্য করুন সিস্টেমে চাপের কোনো পরিবর্তন হয়েছে কি না।
৬। সিস্টেমে চাপের পরিবর্তন হলে লিক চেক দিন এবং মেরামত করে পুনরায় ভ্যাকুয়াম করুন।
৭। সিস্টেমে চাপের পরিবর্তন না হলে সিস্টেমে গ্যাস ছেড়ে দিন।
৮। তারপর সাকশন সার্ভিস ভাল্ব থেকে হোস পাইপ খুলে ফেলুন।




চিত্র-১২




চিত্র-১৩





# রিমোটের কার্যপদ্ধতি

## ব্যাটারি স্থাপন

১. রিমোট কন্ট্রোল ব্যবহারের পূর্বে ব্যাটারি সংযোজন করতে হবে।
২. ব্যাটারি বক্সের কভারটি খুলুন।
৩. দুইটা AAA (1.5V) টাইপ ব্যাটারি সংযোজন করুন। ব্যাটারির '+' এবং '-' সঠিকভাবে বসানো হয়েছে কি না সেটা নিশ্চিত করুন। কখনোই Rechargeable ব্যাটারি ব্যবহার করবেন না।
৪. পুনরায় ব্যাটারি কভার লাগিয়ে নিন।


## অপারেশনের পূর্বে সতর্কতা

১. রিমোট কন্ট্রোলকে অবশ্যই এসির রিসিভার/ডিসপ্লের দিকে তাক করে ধরতে হবে।
২. রিসিভার/ডিসপ্লে এবং রিমোট কন্ট্রোলের মধ্যবর্তী দূরত্ব ৮ মিটার বা তার কম হতে হবে।
৩. রিসিভার/ডিসপ্লে এবং রিমোট কন্ট্রোলের মধ্যে কোনো বাঁধা থাকা যাবে না।
৪. রিমোট কন্ট্রোল হাত থেকে ফেলে দিবেন না অথবা নিক্ষেপ করবেন না।
৫. এসি চালানোর সময় দরজা এবং জানালা বন্ধ করে রাখুন।
৬. বহুদিন এসি ব্যবহার না করলে রিমোট থেকে ব্যাটারি খুলে রাখুন।





# রিমোটের কার্যপদ্ধতি




| | |
|---|---|
| 1 | Cool |
| 2 | Temperature |
| 3 | Fan Speed |
| 4 | Timer |
| 5 | Sleep |
| 6 | Turbo |
| 7 | Health |
| 8 | Eco |
| 9 | Up/Down Swing |
| 10 | L/R Swing |
| 11 | Auto |
| 12 | Heat |
| 13 | Display |
| 14 | Fan |
| 15 | Lock |
| 16 | Dry |
| 17 | Signal |

বিঃ দ্রঃ বিভিন্ন মডেলের জন্য সকল আইকন উন্মুক্ত নয়।

## রিমোটের কার্যপদ্ধতি

**POWER** — এসি অন/অফ করতে "⏻" এই বাটন প্রেস করুন। এসি বন্ধ থাকলে শুধু পূর্বের সেটিং মোড ডিসপ্লেতে দেখাবে।

**TEMPERATURE** — তাপমাত্রা সমন্বয় করার জন্য "+, —" এই বাটন ব্যবহার করুন। তাপমাত্রার বিস্তার ১৬-৩১ ডিগ্রি সেলসিয়াস। তাপমাত্রা বাড়াতে "+" এই বাটন এবং তাপমাত্রা কমাতে "—" এই বাটন প্রেস করুন। ফারেনহাইট তাপমাত্রা দেখতে "—" এই বাটন এবং "" এই বাটন একসাথে প্রেস করে ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। পুনরায় ডিগ্রি সেলসিয়াস দেখতে একই প্রক্রিয়া অনুসরণ করুন।

**MODE** — প্রয়োজনীয় মোড নির্বাচন করতে "MODE" এই বাটন প্রেস করুন। আপনি কুল, হিট, ড্রাই, ফ্যান, অটো- এই পাঁচ ধরনের মোডের মধ্যে যেকোনো মোড সিলেক্ট করতে পারেন।

**ECO** — কুলিং/হিটিং মোডে রেখে "বিদ্যুৎ সাশ্রয়ী মোড" অন করতে "ECO" এই বাটন প্রেস করুন।

**HEALTH** — হেলথ ফাংশন কার্যকর/অকার্যকর করার জন্য "HEALTH" এই বাটনটি প্রেস করুন।

**TIMER** — এসি অন/অফ করার সময় পূর্ব নির্ধারণ করতে হলে "TIMER" বাটন ব্যবহার করুন। যখন রিমোটের ডিসপ্লেতে ফ্লাশিং হবে তখন টাইম সিলেক্ট করুন। ৩০ মিনিটের ব্যবধানে আপনি টাইম সেট করতে পারবেন। "+, —" এই বাটন প্রেস করে আপনার প্রয়োজনমতো সময়সীমা বাড়াতে কমাতে পারবেন।

**LOCK** — রিমোট কন্ট্রোল লক/আনলক করার জন্য "TIMER" এই বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন।

**FAN** — ফ্যান স্পিড (Low/Medium /High/Auto) সিলেক্ট করতে "FAN" এই বাটনটি প্রেস করুন।





## রিমোটের কার্যপদ্ধতি

**SLEEP** — স্লিপ মোড অন/অফ করার জন্য "SLEEP" এই বাটনটি প্রেস করুন।

**DISPLAY** — ডিসপ্লে এলইডি লাইট অন/অফ করার জন্য "DISPLAY" এই বাটনটি প্রেস করুন।

**L/R Swing** — ইনডোর ইউনিটের লুভারের ডান বাম Movement এর জন্য "" এই বাটন ব্যবহার করুন।

**U/D Swing** — ইনডোর ইউনিটের লুভারের উপর নিচ Movement এর জন্য "" এই বাটন ব্যবহার করুন।

**TURBO** — রুম খুব দ্রুত ঠান্ডা করার জন্য ❄ Cooling মোডে রেখে "TURBO" এই বাটনটি প্রেস করুন। হিটিং অ্যান্ড কুলিং এসির জন্য রুম খুব দ্রুত গরম অথবা ঠান্ডা করার জন্য ☀ Heating অথবা ❄ Cooling মোডে রেখে "TURBO" এই বাটনটি প্রেস করুন। "SLEEP" অথবা "ECO" মোডে এই ফাংশন কাজ করবে না।

**Room Temperature** — ইনডোর "Room Temperature" দেখার জন্য "⚙" এই বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। এসির ডিসপ্লেতে "Room Temperature" দেখাবে। যা Cooling Mode, Dry Mode ও Heating Mode ( Applicable for Heating Model only) এ দেখাবে।





## রিমোটের কার্যপদ্ধতি

### ঠান্ডাকরণ পদ্ধতি (COOL MODE)

১. বিদ্যুৎ সংযোগ দিন এবং এসি চালু করার জন্য "⏻" এই বাটনটি চাপুন।
২. "MODE" বাটনটি চাপুন ঠান্ডাকরণ প্রক্রিয়ার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে ❄ প্রদর্শিত হয়।
৩. "+ , —"এই বাটনটি চাপুন তাপমাত্রা পরিবর্তন/সেট করার জন্য।
৪. "FAN" এই বাটনটি চাপুন ফ্যান Speed নির্বাচনের জন্য।
৫. বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য "" এবং "" বাটনগুলো চাপুন।
৬. দ্রুত ঠান্ডাকরণ করার জন্য "TURBO" বাটনটি চাপুন।
নোট: Eco অথবা Sleep ফাংশন চালু থাকলে TURBO কাজ করবে না।

### তাপীয়করণ পদ্ধতি (HEAT MODE)

১. বিদ্যুৎ সংযোগ দিন এবং এসি চালু করার জন্য "⏻" এই বাটনটি চাপুন।
২. "MODE" বাটনটি চাপুন তাপীয়করণ প্রক্রিয়ার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে ☀ প্রদর্শিত হয়।
৩. "+ , — " এই বাটনটি চাপুন তাপমাত্রা পরিবর্তন/সেট করার জন্য।
৪. "FAN" এই বাটনটি চাপুন ফ্যান Speed নির্বাচনের জন্য।
৫. বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য "" এবং "" বাটনগুলো চাপুন।
৬. দ্রুত তাপীয়করণ করার জন্য "TURBO" বাটনটি চাপুন।
নোট: Eco অথবা Sleep ফাংশন চালু থাকলে TURBO কাজ করবে না। * শুধুমাত্র হিটিং & কুলিং এসির জন্য প্রযোজ্য।





## রিমোটের কার্যপদ্ধতি

### স্বয়ংক্রিয় পদ্ধতি (AUTO MODE)

"MODE" বাটনটি চাপুন স্বয়ংক্রিয় পদ্ধতি বাছাই করার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে Ⓐ প্রদর্শিত হয়।

| রুম টেম্পারেচার | মোড | সেট টেম্পারেচার |
|---|---|---|
| Tr ≥ 25°C | কুল | 25°C |
| 20°C ≤ Tr < 25°C | ফ্যান | 25°C |
| Tr < 20°C | • Heat Mode Only for Heating & Cooling Model<br>• Fan Mode Only for Cooling Model | 25°C |

### বায়ু সঞ্চালন পদ্ধতি (FAN MODE)

১. বিদ্যুৎ সংযোগ দিন এবং এসি চালু করার জন্য "⏻" এই বাটনটি চাপুন।
২. "MODE" বাটনটি চাপুন বায়ু সঞ্চালন প্রক্রিয়া বাছাই করার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে ✤ প্রদর্শিত হয়।
৩. "FAN" এই বাটনটি চাপুন ফ্যান Speed নির্বাচনের জন্য।
৪. "FAN" মোডে রিমোটের ডিসপ্লেতে কোনো তাপমাত্রা দেখা যায় না।
৫. বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য "" এবং "" বাটনগুলো চাপুন।

### শুষ্ককরণ পদ্ধতি (DRY MODE)

১. বিদ্যুৎ সংযোগ দিন এবং এসি চালু করার জন্য "⏻" এই বাটনটি চাপুন।
২. "MODE" বাটনটি চাপুন শুষ্ককরণ পদ্ধতি বাছাই করার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে 💧 প্রদর্শিত হয়।
৩. বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য "" এবং "" বাটনগুলো চাপুন।
৪. "DRY" মোডে রিমোটের ডিসপ্লেতে কোনো তাপমাত্রা দেখা যায় না।
৫. "DRY"মোডে FAN Speed সমন্বয় করা যায় না, সর্বদা Low থাকে।

# রিমোটের কার্যপদ্ধতি

## স্লিপ ফাংশন (SLEEP MODE)

১. স্লিপ ফাংশন শুধুমাত্র কুল এবং *হিট মোডে কাজ করে।
২. "**SLEEP**" বাটন চাপুন স্লিপ ফাংশন ON/OFF করার জন্য।
৩. স্লিপ ফাংশন চালু হলে রিমোটের ডিসপ্লেতে প্রদর্শন করবে।
৪. সময়ের সাথে কুলিং এসির ক্ষেত্রে Set Temperature স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি পাবে এবং হিটিং এবং কুলিং এসির ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে হ্রাস পাবে।
৫. Sound Sleep এর জন্য এই মোড খুব উপযোগী।

**নোট: Sleep** চালু থাকলে **TURBO** কাজ করবে না। * (Only Applicable for Heating & Cooling Model)

## বিদ্যুৎ সাশ্রয়ী মোড (ECO MODE)

১. বিদ্যুৎ সাশ্রয়ী মোড চালু করার জন্য "**ECO**" বাটন চাপুন।
২. রিমোটের ডিসপ্লেতে ECO আইকন প্রদর্শন করবে।

**নোট: TURBO** চালু থাকলে **ECO** কাজ করবে না।

## টাইমার নির্ধারণ (TIMER ON/OFF)

১. **এসি অফ হওয়ার টাইমার :** এসি ON থাকা অবস্থায় "**TIMER**" বাটন চাপুন। ডিসপ্লেতে OFF00.30 প্রদর্শন করবে। প্রয়োজন অনুযায়ী ৩০ মিনিট সময় ব্যবধানে টাইম সেট করুন। টাইম কম বেশি করার জন্য "**+**, **—**" বাটন ব্যবহার করুন। যখন থেকে টাইম সেট করবেন তখন থেকে সেট করা সময়ের পর এসি অফ হয়ে যাবে।

২. **এসি অন হওয়ার টাইমার :** এসি OFF থাকা অবস্থায় "**TIMER**" বাটন চাপেন। ডিসপ্লেতে ON00 30 প্রদর্শন করবে। প্রয়োজন অনুযায়ী ৩০ মিনিট সময় ব্যবধানে টাইম সেট করুন। টাইম কম বেশি করার জন্য "**+**, **—**" বাটন ব্যবহার করুন। যখন থেকে টাইম সেট করবেন তখন থেকে সেট করা সময়ের পর এসি অন হয়ে যাবে।





# রিমোটের কার্যপদ্ধতি

## লুভার এবং ভেনের কার্যক্রম

১. লুভার দ্বারা উপর-নিচ বায়ুপ্রবাহ সমন্বিত হয়। সমন্বয়ের জন্য বাটন চাপুন। লুভার চলার সময় যদি নির্দিষ্ট দিকে বায়ু সঞ্চালন করতে চান তাহলে বাটন আবার চাপুন। এই অবস্থায় লুভার নির্দিষ্ট স্থানে স্থির হয়ে যাবে এবং বায়ু প্রবাহের দিক ফিক্সড হয়ে যাবে।

২. ভেন দ্বারা ডান-বাম দিকের বায়ুপ্রবাহ সমন্বিত হয়। সমন্বয়ের জন্য বাটন চাপুন। ভেন চলার সময় যদি নির্দিষ্ট দিকে বায়ু সঞ্চালন করতে চান তাহলে বাটন আবার চাপুন। এই অবস্থায় ভেন নির্দিষ্ট স্থানে স্থির হয়ে যাবে এবং বায়ু প্রবাহের দিক ফিক্সড হয়ে যাবে।

**নোট:** লুভার এবং ভেন হাত দিয়ে কখনোই ঘোরাবেন না। ঘোরালে Stepper Motor নষ্ট হয়ে যেতে পারে অথবা লুভার পজিশন থেকে সরে গিয়ে স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হতে পারে।

## ট্রায়াল অপারেশন

১. মেইন সুইচ অন করুন।
২. রিমোটকে ডিসপ্লের দিকে তাক করে ধরুন এবং অন/অফ বাটন চাপুন, আপনি যদি শব্দ শুনতে পান তাহলে বুঝতে হবে রিমোট ঠিক আছ।
৩. রিমোট দিয়ে কুল মোড সিলেক্ট করুন, এসি দিয়ে ঠান্ডা বাতাস বের হয় কি না লক্ষ্য করুন।
৪. রিমোট দিয়ে ফ্যানের স্পিড লো, মিডিয়াম এবং হাই করে দেখুন। হাই স্পিডে ব্লোয়ার জোরে ঘুরবে।
৫. রিমোট দিয়ে উপর-নিচ, ডান-বাম লুভার চেক করে দেখুন মুভমেন্ট হচ্ছে কি না।
৬. রিমোট দিয়ে TIMER OFF/TIMER ON চেক করে দেখুন।





# কিডস মোড ফাংশন

## কার্যকারিতা

ফাংশনটির উদ্দেশ্য হল কার্যকরী উপায়ে এসি চালু করে শিশুদের জন্য রুমের ভিতর আরামদায়ক পরিবেশ তৈরি করা।

## কার্যপদ্ধতি

১. এই ফাংশনটি কেবলমাত্র "**COOL**" মোডে কাজ করে।
২. ফাংশনটি চালু করার জন্য "**COOL**" মোডে প্রবেশ করুন এবং চারবার "**TURBO**" বাটন প্রেস করুন।
৩. ফাংশনটি চালু হওয়ার পর এসির "**DISPLAY**" তে "**Cd**" প্রদর্শন করবে এবং ফাংশনটি চলমান থাকা পর্যন্ত "**Cd**" আইকনটি বিদ্যমান থাকবে।

## ফাংশন থেকে বেরিয়ে আসার পদ্ধতি

নিম্নোক্ত যেকোনো বাটন প্রেস করলে কিডস মোড ফাংশন থেকে বেরিয়ে আসা যায়।

১. "**MODE**" বাটন, ২. "**FAN**" বাটন, ৩. "**HEALTH**" বাটন,
৪. "**TURBO**" বাটন, ৫. "**UP-DOWN SWING**" বাটন।

## লক্ষণীয়

১. কিডস মোড চালু হওয়ার পর ফ্যান স্পিড লো হবে।
২. "**HEALTH**" মোড চালু হবে।
৩. লুভারটি মিনিমাম Angle এ থাকবে।





# অটো ড্রাই ফাংশন

## কার্যকারিতা

ফাংশনটির উদ্দেশ্য হল এসির ইভাপোরেটরে জমে থাকা পানি শুকিয়ে এসির ভিতর দুর্গন্ধ মুক্ত রাখা।

## কার্যপদ্ধতি

১. এই ফাংশনটি কমপ্রেসার On থাকলে **"Cool"** ও **"Dry"** মোডে কাজ করে।
২. এসিটি "**COOL/DRY**"মোডে চলার সময় রিমোট দিয়ে অফ করলে কমপ্রেসার অফ হয়ে যাবে কিন্তু ইনডোর ব্লোয়ারটি তিন মিনিট পর্যন্ত চলতে থাকবে।
৩. তিন মিনিটের প্রথম ৮১ সেকেন্ড IDU ডিসপ্লেতে "**dr**' প্রদর্শন করবে। পরবর্তী ৯৯ সেকেন্ড থেকে ০ পর্যন্ত Count করবে এবং এসি সম্পূর্ণরূপে বন্ধ হবে। ফলে ইভাপোরেটরে জমে থাকা পানি শুকিয়ে যাবে এবং এসির ভিতর দুর্গন্ধ মুক্ত থাকবে।

## লক্ষণীয়

১. কেবলমাত্র কম্প্রেসার চলার পর এসির রিমোট দিয়ে অফ করলে এই ফাংশনটি কাজ করবে।
২. ফ্যান লো স্পিডে চলবে।

## স্বয়ংক্রিয়ভাবে এসি চালু ও বন্ধ রাখার ফাংশন

### কার্যকারিতা

ফাংশনটির উদ্দেশ্য হল এসি চলমান অবস্থায় বিদ্যুৎ বিভ্রাট হলে পুনরায় এসিটি স্বয়ংক্রিয়ভাবে চলবে নাকি বন্ধ থাকবে তা আপনি খুব সহজেই নির্বাচন করতে পারবেন।

### স্বয়ংক্রিয়ভাবে এসি চালু হওয়ার পদ্ধতি

১. এই ফাংশনটি সকল মোডে কাজ করে। ফাংশনটি চালু করার জন্য "**COOL**" মোডে প্রবেশ করুন এবং ৬ বার "**TURBO**" বাটন চাপুন।
২. ফাংশনটি চালু হলে এসির ডিসপ্লেতে ৫ সেকেন্ডের জন্য "**Ar**" প্রদর্শন করবে এবং ৪ বার "বিপ" শব্দ করবে।
৩. ফলে, পরবর্তীতে এসি চলমান অবস্থায় বিদ্যুৎ বিভ্রাট হলে পুনরায় এসিটি স্বয়ংক্রিয়ভাবে চালু হয়ে যাবে।

### স্বয়ংক্রিয়ভাবে এসি চালু না হওয়ার পদ্ধতি

১. ফাংশনটি থেকে বেরিয়ে আসার জন্য পুনরায় ৬ বার "**TURBO**" বাটন প্রেস করুন।
২. ফাংশনটি বন্ধ হলে এসির ডিসপ্লেতে "**Ar**" প্রদর্শন করবে না। তবে ৪ বার "বিপ" শব্দ করবে।
৩. ফলে, পরবর্তীতে এসি চলমান অবস্থায় বিদ্যুৎ বিভ্রাট হলে পুনরায় এসিটি আর স্বয়ংক্রিয়ভাবে চালু হবে না।





## ফ্রস্ট ক্লিনিং ফাংশন

(শুধুমাত্র নির্দিষ্ট মডেলের জন্য প্রযোজ্য)

### কার্যকারিতা

ফাংশনটির উদ্দেশ্য হলো এয়ারকন্ডিশনারের ইনডোর ইভাপোরেটরে বরফ তৈরির মাধ্যমে ইভাপোরেটরে জমা সূক্ষ ধূলিকণাকে স্বয়ংক্রিয়ভাবে পরিষ্কার করা এবং ঘরে নির্মল ও স্বাস্থ্যকর বায়ু সরবরাহ করা।

### কার্যপদ্ধতি

১. এই ফাংশনটি কেবলমাত্র "**COOL**" মোডে কাজ করে।
২. ফাংশনটি চালু করার জন্য "**COOL**" মোডে প্রবেশ করুন এবং ৪ বার "**SLEEP**" বাটনটি চাপুন।
৩. ফাংশনটি চালু হওয়ার পরে এসির "**DISPLAY**" তে "**CL**" প্রদর্শন করবে এবং ২৩ মিনিটের জন্য স্থায়ী হবে।
৪. ফাংশনটির কার্যকারিতা শেষ হলে এয়ারকন্ডিশনারটি স্বয়ংক্রিয়ভাবে স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে।

### লক্ষ্য করুন

১. ফাংশনটি চলমান অবস্থায় রিমোটের অন্য কোনো বাটন ব্যবহার করা যাবে না।
২. ইনডোর এবং আউটডোরের পারিপার্শ্বিক তাপমাত্রা যখন ২৫° সেলসিয়াস এর বেশি থাকবে শুধুমাত্র তখনই ফ্রস্ট ক্লিনিং ফাংশনটি কার্যকর করা যাবে।
৩. আউটডোর ইউনিটের পরিবেশের উপর নির্ভর করে হিট এক্সচেঞ্জারের (Evaporator) পরিষ্কারের প্রভাবগুলি বিভিন্ন রকমের হতে পারে।





## ভয়েস কন্ট্রোল এসির কার্যপদ্ধতি (অফলাইন)

(বাংলা কমান্ড ইংরেজি ভয়েস কন্ট্রোল মডেলের জন্য প্রযোজ্য নয়)

### ভয়েস কন্ট্রোল ফাংশন

১. ভয়েস কন্ট্রোল এসিটি ইনস্টলেশনের পর রিমোট কন্ট্রোল ছাড়াও শুধুমাত্র নির্ধারিত ভয়েস কমান্ড দিয়ে পরিচালনা করা যাবে।
২. এসিটি পাওয়ার সংযোগ অবস্থায় দুইটি মোডে (স্ট্যান্ডবাই মোড এবং অ্যাকটিভ মোড) অবস্থান করে। এই অবস্থায় ইংরেজি ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "হ্যালো ওয়ালটন" এবং বাংলা ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "স্বাগতম ওয়ালটন" ভয়েস কমান্ড দিয়ে এসিকে অ্যাকটিভ করে নিতে হবে।
   * **স্ট্যান্ডবাই মোড -** এই মোডে এসি অ্যাকটিভ কমান্ড "**Hello Walton**/স্বাগতম ওয়ালটন" ছাড়া অন্য কোনো ভয়েস কমান্ড গ্রহণ করবে না।
   * **অ্যাকটিভ মোড -** এই মোডে এসি ভয়েস কমান্ড গ্রহণ করবে।

### ভয়েস কমান্ড দিয়ে স্ট্যান্ডবাই মোড থেকে এসিকে অ্যাকটিভ মোডে নেওয়ার পদ্ধতি

১. পাওয়ার সংযোগ অবস্থায় এসিটি প্রথমে স্ট্যান্ডবাই মোডে অবস্থান করবে।
২. ইংরেজি ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে শুধুমাত্র "হ্যালো ওয়ালটন" এবং বাংলা ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "স্বাগতম ওয়ালটন" ভয়েস কমান্ড দিলে এসিটি অ্যাকটিভ মোডে চলে আসবে।
৩. এসিটি অ্যাকটিভ মোডে চলে আসার পর ইংরেজি ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "**AC Start**" এবং বাংলা ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "এসি চালু/চলো" কমান্ড বলে এসিটি চালু করতে হবে।
৪. এরপর ভয়েস কমান্ড লিস্টে বর্ণিত যেকোনো কমান্ড দিয়ে এসিটিকে ভয়েস কমান্ডের মাধ্যমে পরিচালনা করা যাবে।
৫. অ্যাকটিভ মোডে থাকা অবস্থায় ১০ সেকেন্ড কোনো কমান্ড না দিলে এসিটি স্বয়ংক্রিয়ভাবে স্ট্যান্ডবাই মোডে চলে যাবে।





## ভয়েস কন্ট্রোল এসির কার্যপদ্ধতি (অফলাইন)

(বাংলা কমান্ড ইংরেজি ভয়েস কন্ট্রোল মডেলের জন্য প্রযোজ্য নয়)

### সতর্কতা

ভয়েস কন্ট্রোল এসির নিকটে উচ্চস্বরে কথা বলা, উচ্চ শব্দে টেলিভিশন বা বাদ্যযন্ত্র চলা অবস্থায় কোনো কমান্ড দিলে এসিটির সে কমান্ডটি ডিটেক্ট করতে সমস্যা হতে পারে।

### লক্ষণীয়

১. এসির সামনে একটি ভয়েস কমান্ড বলার পর এসিটি সেই কমান্ডটি ডিটেক্ট করবে এবং সে অনুযায়ী একটি রিপ্লাই দিবে। রিপ্লাই দেওয়ার ২ সেকেন্ড পর অন্য কমান্ডটি বলতে পারবেন।
২. আপনি অপ্রযোজ্য কমান্ড বললে ইংরেজি ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "**This setting is not available in this current mode**" এবং বাংলা ভয়েস কন্ট্রোল এসির ক্ষেত্রে "আপনার কমান্ডটি এই সেটিংয়ের জন্য প্রযোজ্য নয়" এই বাক্যটি শুনতে পাবেন। যেমন-
   * এসি অন না করে অন্য কমান্ড বললে।
   * ফ্যান মোড(Fan mode), ড্রাই মোড(Dry mode), অটো মোড(Auto mode) থেকে সেট টেম্পারেচার পরিবর্তন করা যায় না।
     বিঃ দ্রঃ কেবলমাত্র "**Cool mode**" থেকে সেট টেম্পারেচার পরিবর্তন করা যায়।
   * ফ্যান মোড(Fan mode), ড্রাই মোড(Dry mode), অটো মোড(Auto mode) থেকে স্লিপ মোড অন/অফ (Sleep mode ON/OFF) করতে চাইলে।
     বিঃ দ্রঃ কেবলমাত্র "**Cool mode**" থেকে স্লিপ ফাংশন অন/অফ করা যায়।

# ভয়েস কন্ট্রোল এসির কার্যপদ্ধতি (অফলাইন)

(বাংলা কমান্ড ইংরেজি ভয়েস কন্ট্রোল মডেলের জন্য প্রযোজ্য নয়)

## ভয়েস কমান্ড লিস্ট

নিম্নে বর্ণিত লিস্টের কমান্ডগুলো গ্রাহককে অনুশীলনের জন্য অনুরোধ করা হলো:

| Sl | Voice Command | Voice Reply |
|---|---|---|
| 1 | স্বাগতম ওয়ালটন<br>HELLO WALTON | স্বাগতম<br>HELLO |
| 2 | এসি চালু/চলো<br>AC START | এসি চালু হয়েছে<br>OK, START |
| 3 | SIXTEEN DEGREE | OK, SIXTEEN DEGREE |
| 4 | SEVENTEEN DEGREE | OK, SEVENTEEN DEGREE |
| 5 | EIGHTEEN DEGREE | OK, EIGHTEEN DEGREE |
| 6 | NINETEEN DEGREE | OK, NINETEEN DEGREE |
| 7 | TWENTY DEGREE | OK, TWENTY DEGREE |
| 8 | TWENTY ONE DEGREE | OK, TWENTY ONE DEGREE |
| 9 | TWENTY TWO DEGREE | OK, TWENTY TWO DEGREE |
| 10 | TWENTY THREE DEGREE | OK, TWENTY THREE DEGREE |
| 11 | TWENTY FOUR DEGREE | OK, TWENTY FOUR DEGREE |
| 12 | TWENTY FIVE DEGREE | OK, TWENTY FIVE DEGREE |
| 13 | TWENTY SIX DEGREE | OK, TWENTY SIX DEGREE |
| 14 | TWENTY SEVEN DEGREE | OK, TWENTY SEVEN DEGREE |
| 15 | TWENTY EIGHT DEGREE | OK, TWENTY EIGHT DEGREE |

| Sl | Voice Command | Voice Reply |
|---|---|---|
| 16 | TWENTY NINE DEGREE | OK, TWENTY NINE DEGREE |
| 17 | ONE DEGREE UP | OK, "SET TEMPERATURE" |
| 18 | ONE DEGREE DOWN | OK, "SET TEMPERATURE" |
| 19 | AUTO MODE | OK, AUTO MODE |
| 20 | DRY MODE | OK, DRY MODE |
| 21 | COOLING/COOL MODE | OK, COOL MODE |
| 22 | FAN MODE | OK, FAN MODE |
| 23 | LOW SPEED | OK, LOW SPEED |
| 24 | MEDIUM SPEED | OK, MEDIUM SPEED |
| 25 | HIGH SPEED | OK, HIGH SPEED |
| 26 | SLEEP MODE | OK, SLEEP MODE |
| 27 | CANCEL SLEEP MODE | OK CANCEL SLEEP MODE |
| 28 | ROOM TEMPERATURE | OK, ROOM TEMPERATURE |
| 29 | SET TEMPERATURE | OK, "SET TEMPERATURE" |
| 30 | এসি বন্ধ<br>AC OFF | ধন্যবাদ, এসি বন্ধ হলো<br>OK, AC OFF |

আপনার এসির ভয়েস কন্ট্রোল ফাংশনটি বন্ধ ও চালু রাখার জন্য এসির সাথে প্রদত্ত রিমোটের **“ECO”** বাটনটি দুইবার প্রেস করুন।

## সাধারণ জিজ্ঞাসাসমূহ

প্রশ্ন: এসি কি যেকোনো ভয়েস কমান্ডে কাজ করবে?
উত্তর: না, শুধুমাত্র লিস্টে উল্লিখিত কমান্ডে এসি কাজ করবে।

প্রশ্ন: এসি কি বাংলা কমান্ড ডিটেক্ট করতে পারবে?
উত্তর: হ্যাঁ। শুধুমাত্র কমান্ড লিস্টে উল্লিখিত বাংলা কমান্ডগুলো ডিটেক্ট করতে পারবে।

প্রশ্ন: রিমোট অফ থাকা অস্থায় এসি কি কমান্ড গ্রহণ করবে?
উত্তর: হ্যাঁ।

প্রশ্ন: ভয়েস কন্ট্রোল ও রিমোট কন্ট্রোল ফাংশন কি একই সাথে কাজ করবে?
উত্তর: হ্যাঁ।






# ডিজিটাল ডিসপ্লে এসি

(এসিসি সিরিজের জন্য প্রযোজ্য)

## ডিজিটাল ডিসপ্লে এসির কার্যপদ্ধতি

১। ডিসপ্লেতে ঘরের ভিতর এবং বাহিরের তাপমাত্রা প্রদর্শিত হয়।
২। ঘড়ির সময়, দিন, মাস প্রদর্শিত হয়।
৩। এসির রানিং পাওয়ার (৫% টলারেন্স) ব্যবহৃত ঘণ্টা এবং হেল্পলাইন নম্বর প্রদর্শিত হয়।
৪। এসির দৈনিক ও মাসিক মোট বৈদ্যুতিক খরচ দেখায় (৫% টলারেন্স) এবং দৈনিক ব্যবহৃত ঘণ্টা দেখায়।
৫। দ্রুত কুলিং অপারেশনের জন্য "Turbo" ও পাওয়ার সেভিং অপারেশনের জন্য "ECO" প্রদর্শিত হয়।
৬। প্লাজমা কেয়ার অপারেশনের জন্য "HEALTH" প্রদর্শিত হয়।
৭। এসির ইনডোর ফ্যান স্পিড (Low/Medium/High) প্রদর্শিত হয়।
৮। এসি অপারেটিং মুড (Auto/Dry/Heat/Cool) প্রদর্শিত হয়।
৯। এসির "Set Temperature" ডিফল্ট হিসেবে দেখায়। তবে অন্যান্য অপারেটিং ফাংশন চালু থাকলে তা প্রদর্শিত হয়। যেমন-Frost Clean, Kids Mode, Auto Dry, ON/OFF Timer (১০ সেকেন্ড এর জন্য) এবং স্মার্ট এসির জন্য Smart Connecting ইত্যাদি।
১০। রিমোটের ডিসপ্লে বাটন একবার প্রেস করে ডিজিটাল ডিসপ্লে লাইট ON/OFF করা যায়।
১১। রিমোটের "SLEEP" বাটন পরপর দুইবার প্রেস করে ডিজিটাল ডিসপ্লের ব্রাইটনেস Bright and Dim করা যায়।








# UV কেয়ার ফাংশন

(শুধুমাত্র নির্দিষ্ট মডেলের জন্য প্রযোজ্য)

## কার্যকারিতা

আল্ট্রাভায়োলেট রশ্মির মাধ্যমে স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক বায়ুবাহিত দূষণকারী অণুবীক্ষণিক অণুজীব যেমন- ভাইরাস, ব্যাকটেরিয়া ও অন্যান্য অণুজীবকে নিষ্ক্রিয় করে স্বাস্থ্যকর বায়ু সরবরাহ করে।

## কার্যপদ্ধতি

**UV কেয়ার ফাংশন চালু করার পদ্ধতি:**

* আল্ট্রাভায়োলেট রশ্মি তৈরি করার জন্য এসির অভ্যন্তরের ইনলেট এয়ারের অংশে UV কেয়ার ডিভাইসটি সংযুক্ত থাকে।
* UV কেয়ার ফাংশনটি চালু করার জন্য রিমোটের মাধ্যমে হেলথ ফাংশন চালু করতে হবে ।
* “HEALTH” ফাংশন চালু হলে UV কেয়ার ফাংশনটি কাজ করবে এবং ডিভাইসটি থেকে আল্ট্রাভায়োলেট রশ্মি নির্গত হবে।
* ভাইরাস, ব্যাকটেরিয়া এবং অন্যান্য অণুবীক্ষণিক অণুজীব যখন আল্ট্রাভায়োলেট রশ্মির সংস্পর্শে আসে তখন এই রশ্মি অণুজীবের নিউক্লিক এসিড এবং DNA অণুকে ধ্বংস করে ফেলে। যার ফলে অণুজীব নিষ্ক্রিয় হয়ে মারা যায়।

**UV কেয়ার ফাংশন বন্ধ করার পদ্ধতি:**

* ফাংশনটির কার্যক্রম বন্ধ করার জন্য রিমোটের হেলথ ফাংশন বন্ধ করতে হবে।
* হেলথ ফাংশন বন্ধ হলে UV কেয়ার ফাংশনও বন্ধ হয়ে যাবে।

## সতর্কতা

* টপ প্যানেল খোলা অবস্থায় UV কেয়ার ফাংশনটি চালু করা যাবে না।
* এসি পরিষ্কার অথবা অন্য কোনো সার্ভিসিংয়ের সময় অবশ্যই UV কেয়ার ফাংশনটি বন্ধ রাখতে হবে।

(বিঃ দ্রঃ এসিতে ব্যবহৃত UV কেয়ার ফাংশনটি মানুষের শরীরের উপর কোনো ক্ষতিকর প্রভাব তৈরি করে না)





# এয়ার প্লাজমা ফাংশন

(শুধুমাত্র নির্দিষ্ট মডেলের জন্য প্রযোজ্য)

## কার্যকারিতা

এয়ার প্লাজমা পজিটিভ আয়ন এবং নেগেটিভ আয়ন তৈরি করে যা ব্যাকটেরিয়া ও ভাইরাসের পৃষ্ঠতলে হাইড্রক্সিল রেডিকেল গঠনের মাধ্যমে ব্যাকটেরিয়া ও ভাইরাস ধ্বংস করে এবং ধোঁয়া ও দুর্গন্ধমুক্ত করে রুমের বায়ুকে পরিশুদ্ধ করে।

## কার্যপদ্ধতি

রিমোটের হেল্থ বাটন চেপে এয়ার প্লাজমা ফাংশনটি অন করা যাবে এবং রিমোটের ডিসপ্লেতে এই আয়কনটি দেখতে পাওয়া যাবে।

## ফাংশন থেকে বেরিয়ে আসার পদ্ধতি

পুনরায় হেল্থ বাটন চেপে এয়ার প্লাজমা ফাংশনটি বন্ধ করা যাবে এবং ডিসপ্লে থেকে এই আয়কনটি চলে যাবে।

## লক্ষণীয়

এসি অন করে যেকোনো মোডে এয়ার প্লাজমা ফাংশনটি চালু করা যাবে।

## আয়োনাইজার

(শুধুমাত্র নির্দিষ্ট মডেলের জন্য প্রযোজ্য)

### কার্যকারিতা

আয়োনাইজার ডিভাইস নেগেটিভ আয়ন উৎপন্ন করে যা রুম থেকে বায়ুবাহিত দূষণকারী পদার্থ যেমন- ধোঁয়া, ধূলিকণা, ব্যাকটেরিয়া এবং দুর্গন্ধ পরিশোধন করে স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করে।

### কার্যপদ্ধতি

রিমোটের হেল্থ বাটন চেপে আয়োনাইজার ফাংশন চালু করতে হবে। ফাংশনটি চালু হলে রিমোটের ডিসপ্লেতে এই আয়কনটি প্রদর্শন করবে।

### ফাংশন থেকে বেরিয়ে আসার পদ্ধতি

পুনরায় হেল্থ বাটন চেপে আয়োনাইজার ফাংশনটি বন্ধ করা যাবে এবং ডিসপ্লে থেকে এই আয়কনটি চলে যাবে।

### লক্ষণীয়

এসি অন করে যেকোনো মোডে আয়োনাইজার ফাংশনটি চালু করা যাবে।





## কনভার্টিবল ক্যাপাসিটি ফাংশন (একের ভিতর তিন)

(শুধুমাত্র নির্দিষ্ট মডেলের জন্য প্রযোজ্য)

### কার্যকারিতা

ফাংশনটি গ্রাহকের প্রয়োজন অনুযায়ী এসির ক্যাপাসিটি পূর্বনির্ধারিত ক্যাপাসিটি অনুযায়ী নিয়ন্ত্রণ করতে সক্ষম করে। ফলে শক্তি সঞ্চয় হয় এবং একই সময়ে সর্বোত্তম শীতলতা পাওয়া যায়।

### কার্যপদ্ধতি

১। এই ফাংশনটি “Cool” মোডে কাজ করে।

২। ফাংশনটি চালু করার জন্য “Cool” মোডে প্রবেশ করুন এবং ধারাবাহিকভাবে“Display” বাটন চারবার প্রেস করে “C1” মোডে এবং ছয়বার প্রেস করে “C2” মোডে প্রবেশ করুন।

৩। ফাংশনটি চালু হওয়ার পর এসির “Display” তে “C1”/ “C2” প্রদর্শন করবে এবং ফাংশনটি চলমান থাকা পর্যন্ত “C1”/ “C2” আইকনটি বিদ্যমান থাকবে। শুধুমাত্র রিমোট দিয়ে তাপমাত্রা বাড়ানো বা কমানোর সময় কিছু সময়ের জন্য “Display” তে “Set Temperature” প্রদর্শন করে পুনরায় “C1”/ “C2” প্রদর্শন করবে।

| রেটেড ক্যাপাসিটি (C0 মোড) | C1 মোড | C2 মোড |
|---|---|---|
| ১.০ টন | ০.৭৫ টন | ০.৫০ টন |
| ১.৫ টন | ১.০ টন | ০.৭৫ টন |
| ২.০ টন | ১.৫ টন | ১.০ টন |

### ফাংশন থেকে বেরিয়ে আসার পদ্ধতি

১। ধারাবাহিকভাবে দুইবার “Display” বাটন প্রেস করে “C1”/ “C2” মোড থেকে বেরিয়ে আসা যাবে। বেরিয়ে আসার সময় কিছু সময়ের জন্য “Display” তে “C0” প্রদর্শন করে “Set Temperature” প্রদর্শন করবে।

### লক্ষণীয়

১। “C1”/ “C2” মোডে প্রবেশের সময় ফ্যান স্পিড স্বয়ংক্রিয়ভাবে পূর্বনির্ধারিত লেভেলে সেট হবে। পরবর্তীতে গ্রাহক রিমোট দিয়ে ফ্যান স্পিড পরিবর্তন করতে পারবে।





## R-290 রেফ্রিজারেন্ট এর ব্যবহার ও লিক অ্যালার্ম

(শুধুমাত্র পরিবেশ বান্ধব R-290 রেফ্রিজারেন্ট সম্বলিত মডেলের এসির জন্য প্রযোজ্য)

### সতর্কতা

R-290 হাইড্রোকার্বন গ্রুপের একটি বর্ণহীন গ্যাস। R-290 রেফ্রিজারেন্টটি দাহ্য। তাই R-290 এসির জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

### রুম সাইজের জন্য নির্দেশনা

R-290 রেফ্রিজারেন্ট এর জন্য যে সাইজের রুম প্রয়োজন:
3517 WATT(12000BTU/hr) : সর্বনিম্ন ৯০ বর্গফুট-সর্বোচ্চ ১২০ বর্গফুট
5275 WATT(18000BTU/hr) : সর্বনিম্ন ১৪০ বর্গফুট-সর্বোচ্চ ১৮০ বর্গফুট

**বি: দ্র:** ইনডোর ইউনিটটি ফ্লোর থেকে সর্বনিম্ন ২১০০ মি.মি. উচ্চতায় বসাতে হবে। (ছাদ থেকে ইউনিটের দূরত্ব ২০০ মি. মি. এ চেয়ে বেশি রাখতে হবে)

### অতিরিক্ত পাইপের রেফ্রিজারেন্ট চার্জিং এর জন্য নির্দেশনা

অনেক সময় ইনডোর আউটডোর সংযোগের জন্য অতিরিক্ত সার্ভিস পাইপ ব্যবহার করতে হয়। সেক্ষেত্রে প্রতি মিটার বাড়তি পাইপের জন্য কিছু অতিরিক্ত রেফ্রিজারেন্ট চার্জ করতে হয়। নিম্নে প্রতি মিটার অতিরিক্ত সার্ভিস পাইপ এর জন্য রেফ্রিজারেন্ট চার্জিং এর নির্দেশনা দেওয়া হলো-
3517 WATT (12000BTU/hr) : ৩ গ্রাম/ মিটার
5275 WATT (18000BTU/hr) : ৫ গ্রাম/ মিটার

**বি: দ্র:** R-290 রেফ্রিজারেন্ট ইউনিট এ অতিরিক্ত ৩ মিটার এর বেশি সার্ভিস পাইপ ব্যবহার করা যাবে না।





## R-290 রেফ্রিজারেন্ট এর ব্যবহার ও লিক অ্যালার্ম

(শুধুমাত্র পরিবেশ বান্ধব R-290 রেফ্রিজারেন্ট সম্বলিত মডেলের এসির জন্য প্রযোজ্য)

### গ্যাস চার্জিং এর সীমাবদ্ধতা

R-290 রেফ্রিজারেন্ট এর ক্ষেত্রে সর্বোচ্চ গ্যাস চার্জিং এর সীমাবদ্ধতা রয়েছে। সেটি নিম্নে দেওয়া হলো-
3517 WATT(12000BTU/hr) : সর্বমোট ২১৯ গ্রাম এর বেশি R-290 রেফ্রিজারেন্ট ইউনিটে চার্জ করা যাবে না।
5275 WATT(18000BTU/hr) : সর্বমোট ৩১৫ গ্রাম এর বেশি R-290 রেফ্রিজারেন্ট ইউনিটে চার্জ করা যাবে না।

### R-290 এসি মেরামতের নির্দেশনা

R-290 এসি মেরামতের জন্য কেবলমাত্র অনুমোদিত সার্ভিস এজেন্ট এর মাধ্যমে মেরামত করতে হবে।

### R-290 রেফ্রিজারেন্ট লিক ডিটেক্টর ও অ্যালার্ম সিস্টেম

**১। R-290 সেন্সর :** এয়ারকন্ডিশনিং সিস্টেমের মধ্যে দিয়ে সঞ্চালিত হওয়া R-290 গ্যাস যদি অনাকাঙ্ক্ষিত কারণে টিউব লিক হয়ে পরিবেশে ছড়িয়ে পড়ে, তবে গ্যাস ও ধোঁয়া সনাক্তকারী সেন্সর R-290 গ্যাসের উপস্থিতি নির্ণয় করে।

**২। সতর্কীকরণ জরুরি অ্যালার্মসমূহ :** R-290 গ্যাস সনাক্ত হওয়া মাত্রই ডিসপ্লে লাইট **"99"** দেখানোর মাধ্যমে ভিজুয়্যাল সংকেত দেবে এবং ক্রমাগত 'বিপ' শব্দ হতে থাকবে।

**৩। অ্যালার্ম পরবর্তী করণীয় :** এয়ারকন্ডিশনারে R-290 গ্যাস সনাক্তকারী অ্যালার্ম নিশ্চিত হবার পর অন্তত ১০ মিনিট এসিটি বন্ধ না করে উক্ত রুমের দরজা দরজা জানালা সাবধানে খুলে দিয়ে রাখতে হবে। এমতাবস্থায় অ্যালার্মটি বন্ধ করতে চাইলে ১০ সেকেন্ডের মধ্যে ৬ বার রিমোটের আপ/ডাউন সুইং বাটন চাপতে হবে। তারপর এসিটি রিমোট দিয়ে বন্ধ করা যাবে। অতঃপর কাস্টমার কেয়ার সেন্টার ১৬২৬৭ হেল্পলাইন নম্বরে যোগাযোগ করে সার্ভিস করিয়ে নিতে হবে।

# হিটিং মোডের জন্য বিশেষ কার্যপদ্ধতি

(শুধুমাত্র হিটিং কুলিং এসির জন্য প্রযোজ্য)

## অটো ডিফ্রস্ট ফাংশন

যখন বাহিরে তাপমাত্রা অনেক কম এবং আর্দ্রতা অনেক বেশি থাকে তখন এয়ারকন্ডিশনার হিটিং মোডে চললে কিছু সময় পরে আউটডোর হিট এক্সচেঞ্জার তথা কনডেন্সারে বরফ জমে। বরফের পরিমাণ বেশি হলে আউটডোর হিট এক্সচেঞ্জারের ক্ষমতা পুনরায় বৃদ্ধির লক্ষ্যে স্বয়ংক্রিয়ভাবে অটো ডিফ্রস্টিং ফাংশনটি চালু হয়।

## কার্যপদ্ধতি

১. অটো ডিফ্রস্ট ফাংশনটি কেবলমাত্র হিটিং মোডে স্বয়ংক্রিয়ভাবে চালু হবে যখন আউটডোর হিট এক্সচেঞ্জার তথা কনডেন্সারে অতিরিক্ত বরফ জমবে।

২. ফাংশনটি চালু অবস্থায় ইনডোর ব্লোয়ার এবং আউটডোর ফ্যান বন্ধ থাকবে।

৩. ফাংশনটি সর্বোচ্চ ১০ মিনিট স্থায়ী হবে।

৪. ডিফ্রস্টিং সম্পন্ন হলে পুনরায় স্বয়ংক্রিয়ভাবে হিটিং মোডে চলে যাবে।

## লক্ষণীয় বিষয়

হিটিং মোডে ডিফ্রস্টিং এর সময় নির্দিষ্ট সময়ের জন্য ইনডোর ইউনিট থেকে ঠান্ডা বাতাস প্রবাহিত হওয়ার সম্ভাবনা রয়েছে। এই প্রবাহ রোধ করার জন্য ইনডোরের ব্লোয়ার ফ্যান বন্ধ থাকবে। ইনডোর হিট এক্সচেঞ্জার (ইভাপোরেটর) নির্দিষ্ট তাপমাত্রা অর্জন করলে পুনরায় ব্লোয়ার স্বয়ংক্রিয়ভাবে চালু হবে।





# সমস্যা নির্দেশনা

| Indoor Display | Fault Details | Troubleshooting |
|---|---|---|
| EE | Indoor machine EE(EEPROM) fault | Need to reprogram IDU EEPROM |
| E0 | Outdoor machine EE(EEPROM) fault | Need to reprogram ODU EEPROM |
| E1 | Indoor fan fault | Need to check indoor fan motor connection |
| E2 | Indoor fan zero-crossing detection abnormal | Need to change indoor fan motor driver IC |
| E3 | Indoor coil temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| E4 | Indoor ambient temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| E6 | Indoor and outdoor machine communication fault | Need to check Indoor and outdoor connection |
| E9 | WiFi module fault | Need to check WiFi module |
| F1 | Compressor starting abnormal (phase fault, reverse) | Need to check compressor connection |
| F2 | Compressor out-of-step fault | Need to check compressor |
| F3 | IPM(Intelligent Power Module) fault | Need to change ODU PCB |
| F5 | Discharge temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| F6 | Suction temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| F7 | Outdoor coil temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| F8 | Outdoor ambient temperature sensor fault | Need to check sensor & sensor terminal |
| F9 | Outdoor DC fan fault | Need to check outdoor fan motor |
| P1 | Outdoor machine AC current protection | Need to check compressor specs & ODU PCB |

| Indoor Display | Fault Details | Troubleshooting |
|---|---|---|
| P2 | Compressor phase current protection | Need to check compressor specs & ODU PCB |
| P3 | Outdoor over-high/ over-low AC voltage protection | Need to check power supply voltage |
| P4 | DC voltage over-high or over-low voltage protection | Need to check power supply voltage |
| P5 | IPM(Intelligent Power Module) over-high temperature protection | Need to check outdoor fan motor |
| P6 | Discharge temperature overheat protection | Need to check outdoor fan motor |
| P7 | Indoor coil anti-frezing protection | Need to check outdoor fan motor |
| P8 | Outdoor coil overheat protection | Need to check outdoor fan motor |
| P9 | Heating Indoor coil overheat protection shutdown | Need to check outdoor fan motor |
| PC | Cooling outdoor ambient temperature over-low protection | Need to check outdoor fan motor |
| PH | Heating outdoor ambient temperature over-high protection | Need to check outdoor fan motor |
| L1 | Drive bus voltage over-high protection | Need to check power supply voltage |
| L2 | Drive bus voltage over-low protection | Need to check power supply voltage |
| L3 | Drive phase current overload voltage | Need to check power supply voltage |
| L4 | Abnormal Phase current sampling | Need to check power supply voltage |
| 99 | R290 refrigerent leakage | Need to check evaporator leakage in IDU unit |
| EA | Indoor R290 sensor fault | Need to check R290 sensor |
| CF | Cooling fail | Need to check outdoor unit |






# পরিষ্কারকরণ এবং সাবধানতা


এসির ভালো পারফরমেন্স পেতে এবং এসির কার্যক্ষমতা দীর্ঘমেয়াদি করতে এয়ার ফিল্টার প্রতি দুই সপ্তাহে কমপক্ষে একবার অথবা প্রয়োজন অনুযায়ী পরিষ্কার করতে হবে। এসি দীর্ঘদিন বন্ধ থাকলে, এটি পুনরায় চালুর পূর্বে অবশ্যই ফ্রন্ট প্যানেল ও এয়ার ফিল্টার পরিষ্কার করে নিতে হবে। দীর্ঘদিন এসির এয়ার ফিল্টার পরিষ্কার না করলে এটি ধুলা জমে ব্লক হয়ে যেতে পারে, এতে এসির কার্যক্ষমতা এবং লাইফ টাইম কমে যেতে পারে।

## প্রারম্ভিক সাবধানতা



এয়ারকন্ডিশনার পরিষ্কারের পূর্বে পাওয়ার সুইচ অথবা সার্কিট ব্রেকার বন্ধ করুন,অন্যথায় এটা বৈদ্যুতিক শক এর কারণ হতে পারে। পাওয়ার সুইচ অন থাকা অবস্থায় কখনোই এয়ারকন্ডিশনারকে পানি বা অন্য কোনো তরল পদার্থ দ্বারা ভেজাবেন না, এতে শর্ট সার্কিট হতে পারে।

## পরিষ্কারকরণের ধাপসমূহ



**১. ফ্রন্ট প্যানেল খুলে ফেলা:** ফ্রন্ট প্যানেলের দুইদিকের স্লট দুইটি চেপে ধরে ফ্রন্ট প্যানেল খুলতে হবে।

**২. ফ্রন্ট প্যানেল পরিষ্কার করা:** নরম জাতীয় ব্রাশ/কাপড় এবং পানি দিয়ে পরিষ্কার করুন এবং শুকানোর জন্য রেখে দিন। (বিঃ দ্রঃ রুম তাপমাত্রার অথবা সর্বোচ্চ ৪০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার পানি দিয়ে ফ্রন্ট প্যানেল পরিষ্কার করতে হবে। কখনো গ্যাসোলিন, উদ্বায়ী তেল অথবা কীটনাশক জাতীয় পদার্থ ব্যবহার করবেন না, এগুলো ক্ষতির কারণ হতে পারে)। যদি শুধু পানি দিয়ে ময়লা না উঠে সেক্ষেত্রে তরল সাবান দিয়ে পরিষ্কার করতে হবে।

## সতর্কীকরণ




অবশ্যই পরিষ্কার করার পরে ফ্রন্ট প্যানেলটি শুকানোর জন্য রেখে দিন এবং শুকানোর পূর্বে কখনোই পুনরায় এসিতে স্থাপন করবেন না। এতে ফ্রন্ট প্যানেলটির কালার এবং ম্যাটেরিয়াল প্রপার্টি ক্ষতিগ্রস্থ হতে পারে।






# পরিষ্কারকরণ এবং সাবধানতা

## পরিষ্কারকরণের ধাপসমূহ



৩. **এয়ার ফিল্টার খুলে ফেলা:** ছবিতে দেখানো দিক নির্দেশনা অনুযায়ী এয়ার ফিল্টারটি স্লট থেকে বের করে নিচের দিকে পুশ করে খুলে ফেলতে হবে।

**সতর্কীকরণ:** এয়ার ফিল্টার খুলে ফেলার পর হিট এক্সচেঞ্জারে হাত লাগানো যাবে না, এতে হাতের আঙ্গুল ক্ষতিগ্রস্থ হতে পারে।




৪. **এয়ার ফিল্টার পরিষ্কার করা:** ভ্যাকুয়াম ক্লিনার দিয়ে ধুলা পরিষ্কার করুন এবং পানি/ডিটারজেন্ট দিয়ে ধুয়ে ফেলুন এবং শুকাতে দেন। (বিঃ দ্রঃ রুম তাপমাত্রার অথবা সর্বোচ্চ ৪০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার পানি দিয়ে ফিল্টার নেট পরিষ্কার করতে হবে। যদি এয়ারকন্ডিশনার এর চারপাশে ডাস্ট বেশি থাকে, তাহলে এয়ার ফিল্টার প্রতি দুই সপ্তাহে একাধিকবার পরিষ্কার করা উচিত।)

**সতর্কীকরণ:** নিয়মিত এয়ার ফিল্টার পরিষ্কার করুন। ধুলা ও ময়লাযুক্ত এয়ার ফিল্টার ঠান্ডা এবং উত্তপ্তকরণ এর কার্যকারিতা কমিয়ে দিতে পারে।


## পরিষ্কারকরণ এবং সাবধানতা

### পরিষ্কারকরণের ধাপসমূহ



৫. **এয়ার ফিল্টার পুনরায় লাগানো:** এয়ার ফিল্টারটি চিত্রে দেখানো দিক নির্দেশনা অনুযায়ী পুনরায় লাগাতে হবে এবং ফ্রন্ট প্যানেলটি সংযুক্ত করে দিতে হবে।

৬. ফ্রন্ট প্যানেল চিত্রে দেখানো দিক নির্দেশনা অনুযায়ী সংযুক্ত করতে হবে।



৭. এসি দীর্ঘ সময় বন্ধ করে রাখার পূর্বে ইনডোর-এর ভেতরের যন্ত্রাংশ শুকানো এবং পরিষ্কার করার জন্য এসিটি ফ্যান মোডে কমপক্ষে ১ ঘণ্টা চালিয়ে তারপর বন্ধ রাখুন।





## মেরামতের পূর্বে করণীয়

মেরামত করার জন্য সার্ভিস এজেন্টকে ডাকার পূর্বে আপনি নিম্নোক্ত বিষয়গুলো চেক করুন। তারপরেও যদি আপনি সমস্যা সনাক্ত ও সমাধান করতে না পারেন তখন মেরামতের জন্য অনুমোদিত সার্ভিস এজেন্টের সাথে যোগাযোগ করুন।

| ঘটনা | কারণসমূহ |
|---|---|
| এসি অফ | ● ফিউজ কি পুড়ে গেছে?<br>● সার্কিট ব্রেকার কি অফ রয়েছে?<br>● পাওয়ার সুইচ কি অফ আছে?<br>● পূর্বে টাইমার অফ/চালু করা ছিল কি না?<br>● ক্যাবল কানেকশন ঠিক আছে কি না?<br>● সিস্টেম ভোল্টেজ ঠিক আছে কি না?<br>● Air Conditioner কি Defrost করেছে? এ ধরনের ঘটনায় Defrosting সম্পূর্ণ হওয়ার জন্য অপেক্ষা করুন (শুধুমাত্র হিটিং অ্যান্ড কুলিং এসির জন্য প্রযোজ্য)। |
| অনাকাঙ্ক্ষিত ঠান্ডা অথবা গরম হওয়া | ● Air Filter নোংরা হয়েছে কি না?<br>● সঠিকভাবে তাপমাত্রা নির্বাচন করা হয়েছে কি না?<br>● Indoor Unit Air Inlet অথবা Outlet বাধাগ্রস্ত হয়ে আছে কি না?<br>● রুমে কোনো হিট/কুলিং সোর্স আছে কি না? |
| ঘরের মধ্যে অস্বাভাবিক গন্ধ | ● ভালো করে দেখুন দেয়াল, আসবাবপত্র, কাপড়চোপড় অথবা অন্য কোনো উৎস থেকে দুর্গন্ধ নির্গমন হচ্ছে কি না? |
| এসি চলার সময় হালকা শব্দ শোনা যায় (এটা সাধারণ ঘটনা) | ● Refrigerant প্রবাহের শব্দ।<br>● ইনডোর ব্লোয়ার ঘূর্ণনের শব্দ।<br>● পানি ড্রেন হোস পাইপ দিয়ে পড়ার শব্দ।<br>এগুলো স্বাভাবিক ঘটনা |





## মেরামতের পূর্বে করণীয়

| ঘটনা | কারণসমূহ |
|---|---|
| রিমোট কন্ট্রোল দিয়ে এসি কাজ করে না | ● রিমোটে ব্যাটারি স্থাপন করা হয়েছে কি না?<br>● রিসিভার এবং রিমোট কন্ট্রোলের দূরত্ব ঠিক আছে কি না?<br>● রিসিভার এবং রিমোট কন্ট্রোলের মধ্যে কোনো বাধা আছে কি না?<br>● রিসিভার এবং রিমোট কন্ট্রোলের মধ্যে কৌণিক দূরত্ব ঠিক আছে কি না?<br>● রিসিভার ঠিক আছে কি না?<br>● অন্য আলোর উৎস Interfere করছে কি না? |
| এসি চলার সাথে সাথে কম্প্রেসার অন হয় না | ● এসি চালু অথবা Restart হলে কমপক্ষে ৩ মিনিট পরে কম্প্রেসার অন হবে। এটা এক ধরনের সুরক্ষা, ৩ মিনিট অপেক্ষা করুন ঠিক হয়ে যাবে। যদি ঠিক না হয় ডিসপ্লেতে লক্ষ্য করুন কোনো রকম কোড দেখাচ্ছে কি না। এমতাবস্থায় অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। |
| কুয়াশা সাদৃশ্য বাতাস বের হওয়া | ● কুলিং অপারেশনে রুমের তাপমাত্রা অনেক বেশি নিচে নেমে গেছে।<br>● কুলিং অপারেশনে ইভাপোরেটরে বরফ জমে গেছে এবং ডিসপ্লেতে E1/P7 দেখাচ্ছে। এই অবস্থায় এসি কিছু সময় অফ করে পুনরায় চালু করুন। যদি ডিসপ্লেতে পুনরায় E1/P7 প্রদর্শন করে তাহলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।<br>● হিটিং অপারেশনে Defrost Process এর সময় আউটডোর দিয়ে কুয়াশা সাদৃশ্য বাতাস বের হয়। এটা স্বাভাবিক ঘটনা (শুধুমাত্র হিটিং অ্যান্ড কুলিং এসির জন্য প্রযোজ্য)। |





## নিষ্পত্তি

১. অব্যবহৃত এবং পুরানো এয়ারকন্ডিশনার ইচ্ছামতো যেখানে সেখানে ফেলবেন না। এতে পরিবেশ দূষিত হবে।

২. অকার্যকর এবং পুরাতন এয়ারকন্ডিশনার পেশাদার কোনো ব্যক্তি বা কোম্পানি দ্বারা পূর্ণ ব্যবহার উপযোগী বা নষ্ট করে ফেলতে হবে।

